



বাংলার বারী কবিতালাপ ২০ মে ১৯৮৩ সাধন সরকারকে সংবধনা আনিয়েছে

খুলনা, ১৫ই মে (নির্বন্ধ সংবাদপত্র)।—খুলনা কবিতালাপ গোষ্ঠীর সপ্তম বর্ষপূর্তি উপলক্ষে গত ১৩ই মে খুলনা পৌর মিলনায়তনে বিশিষ্ট সংগীত শিল্পী ও সাদন সরকারকে সংবধনা জানানো হয়। অধ্যক্ষ ওয়াহিদুর রহমানের সভাপতিত্বে এই অনুষ্ঠানে আলোচনায় অংশ নেন বিদ্যৎ সরকার, হাসান আজিজুল হক আবুবকর সিদ্দিক, নাজিম মাহমুদ প্রমুখ।

আলোচনা শেষে সাধন সরকারকে কবিতালাপের পক্ষ থেকে বিভিন্ন উপহার সামগ্রী প্রদান করা হয়।

সবশেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে বিশিষ্ট শিল্পীরা সাধন সরকার সুরারোপিত সঙ্গীত পরিবেশন করে। এ উপলক্ষে কবিতালাপ স্কন্দ স্মরণিকা প্রকাশ করে।

সাধন সরকার

সংবধিত

সাহিত্য সংগঠন 'কবিতালাপ' দেশের বিশিষ্ট সংগীত শিল্পী সাধন সরকারকে গত ১৩ই মে খুলনা পৌরসভা মিলনায়তনে সংবধনা জানিয়েছে। কবিতালাপ এবাং বাংলাদেশের কবিতার ক্ষেত্রে উৎসাহী নিষ্ঠাবান গুণীজনদের সাহিত্য পুরস্কার ও সংবধনা দিয়ে এসেছে। কিন্তু এবারে কবিতা নয়, সংগীতের ক্ষেত্রে এক বিরল প্রতিভাকে তার শ্রদ্ধা জানালো।

সাধন সরকার গণ সঙ্গীত ও ২১শর গানের ক্ষেত্রে অবদান রেখেছেন। যেমন একুশের গানের ভেতর নাজিম মাহমুদের রচনা 'মুখ মাগো তোমার ধূলা মেখেছি' ও 'কঞ্চুড়া আর রক্ত পলাশের' আবুবকর সিদ্দিকের রচনা 'মনে পড়ে যার' ও 'বেরিকেড বেয়নেট', জীবনানন্দ দাশের 'আবার আসিব ফিরে' ও 'বাংলার মুখ আমি দেখিছি' গানে তিনি সুরারোপ করেছেন।

সংবধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্কন্দরবন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ জনাব ওয়াহিদুর রহমান। আলোচনা করেন বিশিষ্ট কথা সাহিত্যিক হাসান আজিজুল হক, কবি আবুবকর সিদ্দিক, নাজিম মাহমুদ ও বিজ্ঞৎ সরকার। আলোচনাশেষে অনুষ্ঠানের সভাপতি কবিতালাপের স্মৃতি উপহার সাধন সরকারের হাতে তুলে দেন।

সংবধনাশেষে সাধন সরকারের সুরারোপিত গান পরিবেশিত হয়। এতে অংশ নেন সাধন ঘোষ, ভারতী ঘোষ, মলিনা দাস, সোনিয়া মিজান ভদী, এডেল বাউ বাউ, রফিকুল ইসলাম সাধী, আবুল করিম, সৌমজত ব্যানার্জী, শিপ্রা ঘোষ, মনিকা বর্মান, গীতা সেন ও মালীখান। ভবলাঙ্গ সহযোগিতা করেন স্বপন সরকার ও বাপ্পী। অবশেষে সংবধিত শিল্পী সাধন সরকার একটি গান গেয়ে শোনান। সমগ্র অনুষ্ঠান উপস্থাপনা করেন নাসিরুজ্জামান। সংবধনা উপলক্ষে প্রীতাস অধিকারীর সম্পাদনার একটি সংকলন প্রকাশ করা হয়।

মন্সু ইসলাম